গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-১ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৬১.৩৮.০০৫.১৩-১৪০

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪৩০ / ২৪ জুলাই ২০২৩

**বিষয়ঃ** **'জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি' (নেপ)-এর অনুমোদিত পদসমূহের নিয়োগযোগ্যতা সংশোধন।**

সূত্র নং-৩৮.০০.০০০০.০০২.২২.০০১.২২-২৯৩, তারিখঃ ০১ মার্চ ২০২৩ (একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে 'জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি' (নেপ)-এর ২৭ ক্যাটাগরির মোট ৯৭টি পদের বিপরীতে অর্থ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে নির্ধারিত/যাচাইকৃত বেতনগ্রেড অপরিবর্তিত রেখে নিম্নের সারণিতে উদ্ধৃতমতে নিয়োগযোগ্যতা সংশোধন করা হলো:

| ক্রম | পদের নাম, সংখ্যা ও অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বেতনক্রম/গ্রেড (জা:বে:স্কে: ১৫ অনুযায়ী) | অর্থ বিভাগের ০৩টি জিওতে (স্মারক নং-১৩৩, তারিখ: ২৭-৭-২০০৫, স্মারক নং-১৫২, তারিখ: ২৫-৫-২০০৬ এবং স্মারক নং-২৫৭, তারিখ: ১৩-১১-২০১৩) উল্লেখিত নিয়োগযোগ্যতা/ মন্তব্য/ শর্ত | অর্থ বিভাগ কর্তৃক সংশোধিত নিয়োগযোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১ | মহাপরিচালক/ প্রিন্সিপ্যাল<br>পদ সংখ্যা: ০১টি<br>৫০০০০-৭১২০০/-<br>(৪র্থ গ্রেড) | প্রেষণ অথবা পদোন্নতির মাধ্যমে নিয়োগ। প্রেষণের ক্ষেত্রে পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন এবং পদোন্নতির ক্ষেত্রে পরিচালক/ উর্ধ্বতন বিশেষজ্ঞ পদে ৪(চার) বছরসহ ২০ (বিশ) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। | প্রেষণ অথবা পদোন্নতির মাধ্যমে নিয়োগ।<br>**প্রেষণের ক্ষেত্রে:** পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) পরিচালক বা উর্ধ্বতন বিশেষজ্ঞ পদে বা উভয় পদে সমন্বিতভাবে মোট ৪ (চার) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা; এবং<br>(২) ৯ম বা তদূর্দ্ধ গ্রেডের পদে ন্যূনতম ১৬ (ষোল) বছরের অথবা এমফিল/ পিএইচডি/ উচ্চতর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। |
| ০২ | পরিচালক<br>পদ সংখ্যা: ০১টি<br>৪৩০০০-৬৯৮৫০/-<br>(৫ম গ্রেড) | প্রেষণ অথবা পদোন্নতির মাধ্যমে নিয়োগ। প্রেষণের ক্ষেত্রে পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন এবং পদোন্নতির ক্ষেত্রে জ্যেষ্ঠতার ভিত্তিতে উপ-পরিচালক/ বিশেষজ্ঞ পদে ৫(পাঁচ) বছরসহ ১ম শ্রেণির পদে ১০ (দশ) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। | প্রেষণ অথবা উর্দ্ধতন বিশেষজ্ঞ পদধারীদের মধ্য থেকে পদায়নের মাধ্যমে নিয়োগ।<br><br>**প্রেষণের ক্ষেত্রে:**<br>পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন। |
| ০৩ | উর্ধ্বতন বিশেষজ্ঞ<br>পদ সংখ্যা: ৭টি<br>৪৩০০০-৬৯৮৫০/-<br>(৫ম গ্রেড) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী তৎসহ ১ম শ্রেণির পদে ১০ (দশ) বছরের চাকরির অভিজ্ঞতা। | ৩০% সরাসরি এবং ৭০% পদোন্নতির মাধ্যমে নিয়োগ। সরাসরি এবং পদোন্নতিযোগ্য পদ শূন্য থাকলে প্রেষণের মাধ্যমে নিয়োগ।<br>**প্রেষণের ক্ষেত্রে:** পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) উপ-পরিচালক বা বিশেষজ্ঞ পদে বা উভয় পদে সমন্বিতভাবে মোট ৫ (পাঁচ) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা; এবং<br>(২) ৯ম বা তদূর্দ্ধ গ্রেডের পদে ন্যূনতম ১২ (বার) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগঃ**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির এমএড ডিগ্রী অথবা ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রীসহ ২য় শ্রেণির এমএড ডিগ্রি; |

| ক্রম | পদের নাম, সংখ্যা ও অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বেতনক্রম/গ্রেড (জা:বে:স্কে: ১৫ অনুযায়ী) | অর্থ বিভাগের ০৩টি জিওতে (স্মারক নং-১৩৩, তারিখ: ২৭-৭-২০০৫, স্মারক নং-১৫২, তারিখ: ২৫-৫-২০০৬ এবং স্মারক নং-২৫৭, তারিখ: ১৩-১১-২০১৩) উল্লেখিত নিয়োগযোগ্যতা/ মন্তব্য/ শর্ত | অর্থ বিভাগ কর্তৃক সংশোধিত নিয়োগযোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | | (২) কোনো স্বীকৃত জার্নালে শিক্ষা বিষয়ক ২টি গবেষণা সংক্রান্ত প্রকাশনা; এবং<br>(৩) ৯ম বা তদূর্দ্ধ গ্রেডের পদে ন্যূনতম ১২ (বার) বছরের অথবা এমফিল/ পিএইচডি/ উচ্চতর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ন্যূনতম ১০ (দশ) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। |
| ০৪ | উপপরিচালক<br>পদ সংখ্যা: ০২টি<br>৩৫৫০০-৬৭০১০/-<br>(৬ষ্ঠ গ্রেড) | প্রেষণ অথবা পদোন্নতির মাধ্যমে নিয়োগ। প্রেষণের ক্ষেত্রে পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন এবং পদোন্নতির ক্ষেত্রে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী বিশেষজ্ঞ/পরীক্ষা নিয়ন্ত্রক পদে ০৪ (চার) বছরসহ ১ম শ্রেণির পদে ০৫ (পাঁচ) বছরের সন্তোষজনক চাকুরির অভিজ্ঞতা। | প্রেষণ অথবা বিশেষজ্ঞ পদধারীদের মধ্য থেকে পদায়নের মাধ্যমে নিয়োগ।<br><br>**প্রেষণের ক্ষেত্রে:** পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন। |
| ০৫ | বিশেষজ্ঞ<br>পদ সংখ্যা: ১১টি<br>৩৫৫০০-৬৭০১০/-<br>(৬ষ্ঠ গ্রেড) | প্রেষণ, পদোন্নতি অথবা সরাসরি নিয়োগ। প্রেষণের ক্ষেত্রে পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন। পদোন্নতির ক্ষেত্রে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী বিশেষজ্ঞ পদে ০৪ (চার) বছরসহ ১ম শ্রেণির পদে ০৫ (পাঁচ) বছরের সন্তোষজনক চাকুরির অভিজ্ঞতা এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী, তৎসহ ১ম শ্রেণির পদে ০৫ (পাঁচ) বছরের সন্তোষজনক চাকুরির অভিজ্ঞতা। | ৪০% সরাসরি এবং ৬০% পদোন্নতির মাধ্যমে নিয়োগ। সরাসরি এবং পদোন্নতিযোগ্য পদ শূন্য থাকলে প্রেষণের মাধ্যমে নিয়োগ।<br>**প্রেষণের ক্ষেত্রে:** পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন।<br>**পদোন্নতির ক্ষেত্রে:** জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী বিশেষজ্ঞ পদে ন্যূনতম ৭ (সাত) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা অথবা সহকারী বিশেষজ্ঞ পদের নিয়োগ যোগ্যতাসহ পরীক্ষা নিয়ন্ত্রক পদে ন্যূনতম ৭ (সাত) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ২য় শ্রেণির এমএড ডিগ্রী অথবা ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রীসহ ২য় শ্রেণির এমএড ডিগ্রি;<br>(২) কোনো স্বীকৃত জার্নালে শিক্ষা বিষয়ক ২টি গবেষণা সংক্রান্ত প্রকাশনা; এবং<br>(৩) ৯ম বা তদূর্দ্ধ গ্রেডের পদে ন্যূনতম ৭ (সাত) বছরের অথবা এমফিল/ পিএইচডি/ উচ্চতর ডিগ্রিধারীদের ক্ষেত্রে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। |
| ০৬ | প্রোগ্রামার<br>পদ সংখ্যা: ১টি<br>৩৫৫০০-৬৭০১০/-<br>(৬ষ্ঠ গ্রেড) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ দি কম্পিউটার পার্সোনাল রিক্রুটমেন্ট রুলস, ১৯৮৫ মোতাবেক পূরণ সাপেক্ষে এবং পদের বেতনস্কেল অর্থ বিভাগের ২০-৪-৮৫ তারিখের এমএফ/এফডি(আইএমপি)-১-(এফ)-৯/৮৫/৩২ স্মারক দ্বারা পূর্বনির্ধারিত। | পদ পূরণের ক্ষেত্রে<br>সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণযোগ্য। |
| ০৭ | সহকারী বিশেষজ্ঞ<br>পদ সংখ্যা: ২২টি<br>২২০০০-৫৩০৬০/-<br>(৯ম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। পদোন্নতির ক্ষেত্রে হিসাব রক্ষণ কর্মকর্তা হিসেবে বিএড ডিগ্রীসহ ০৮ (আট) বছর এবং বিপিএড ডিগ্রীসহ শরীরচর্চা শিক্ষক হিসেবে ১০ (দশ) বছরের সন্তোষজনক চাকুরির অভিজ্ঞতা। | ৮০% সরাসরি এবং ২০% পদোন্নতির মাধ্যমে নিয়োগ। সরাসরি এবং পদোন্নতিযোগ্য পদ শূন্য থাকলে প্রেষণের মাধ্যমে নিয়োগ।<br>**প্রেষণের ক্ষেত্রে:** পদধারী নিজ বেতনস্কেল প্রাপ্য হবেন।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>জ্যেষ্ঠতার ভিত্তিতে বিএড/বিপিএড ডিগ্রীসহ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক বা হিসাবরক্ষণ কর্মকর্তা বা শরীরচর্চা শিক্ষক পদে ন্যূনতম ৮ (আট) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। |

| ক্রম | পদের নাম, সংখ্যা ও অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বেতনক্রম/গ্রেড (জা:বে:স্কে: ১৫ অনুযায়ী) | অর্থ বিভাগের ০৩টি জিওতে (স্মারক নং-১৩৩, তারিখ: ২৭-৭-২০০৫, স্মারক নং-১৫২, তারিখ: ২৫-৫-২০০৬ এবং স্মারক নং-২৫৭, তারিখ: ১৩-১১-২০১৩) উল্লেখিত নিয়োগযোগ্যতা/ মন্তব্য/ শর্ত | অর্থ বিভাগ কর্তৃক সংশোধিত নিয়োগযোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণি/ সমমানের সিজিপিএ-সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণি/ সমমানের সিজিপিএ-সহ স্নাতক (সম্মান) ডিগ্রিসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী; তৎসহ ২য় শ্রেণির বিএড ডিগ্রী। |
| ০৮ | পরীক্ষা নিয়ন্ত্রক<br>পদ সংখ্যা: ০১টি<br>২২০০০-৫৩০৬০/-<br>(৯ম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী তৎসহ পরীক্ষা সংক্রান্ত কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। | পদোন্নতির মাধ্যমে নিয়োগ।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক বা হিসাবরক্ষণ কর্মকর্তা বা শরীরচর্চা শিক্ষক পদে ন্যূনতম ৮ (আট) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। |
| ০৯ | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক<br>পদ সংখ্যা: ০১টি<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(১০ম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণির স্নাতক ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী। | পদোন্নতি ও সরাসরি নিয়োগ। পদোন্নতির ক্ষেত্রে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক পদের নিয়োগযোগ্যতাসহ জ্যেষ্ঠতার ভিত্তিতে ওয়ার্কশপ টেকনিশিয়ান বা লাইব্রেরিয়ান পদে ন্যূনতম ৬ (ছয়) বছর সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি/ সমমানের সিজিপিএ-সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণি/ সমমানের সিজিপিএ-সহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১০ | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>পদ সংখ্যা: ০২টি<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(১০ম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী এবং পদোন্নতির ক্ষেত্রে হিসাব রক্ষক পদে ১২ (বার) বছরের সন্তোষজনক চাকুরির অভিজ্ঞতা। | ৫০% পদোন্নতি এবং ৫০% সরাসরি নিয়োগ। পদোন্নতির ক্ষেত্রে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ হিসাবরক্ষক পদে ন্যূনতম ১০ (দশ) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদভুক্ত কোনো বিষয়ে ২য় শ্রেণি/ সমমানের সিজিপিএ-সহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা বাণিজ্য অনুষদভুক্ত কোনো বিষয়ে ২য় শ্রেণি/ সমমানের সিজিপিএ-সহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১১ | শরীরচর্চা শিক্ষক<br>পদ সংখ্যা: ০১ টি<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(১০ম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় বিভাগ/ শ্রেণিতে স্নাতক ডিগ্রীসহ বিপিএড ডিগ্রী। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিপিএড ডিগ্রী। |
| ১২ | ওয়ার্কশপ টেকনিশিয়ান<br>সংখ্যা: ০১ টি<br>১২৫০০-৩০২৩০/-<br>(১১তম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় বিভাগ/ শ্রেণিসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রী তৎসহ শিক্ষা ও বিজ্ঞান বিষয়ক যন্ত্রপাতি এবং সাজসরঞ্জাম চালনার অভিজ্ঞতা থাকতে হবে। | -- |

| ক্রম | পদের নাম, সংখ্যা ও অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বেতনক্রম/গ্রেড (জা:বে:স্কে: ১৫ অনুযায়ী) | অর্থ বিভাগের ০৩টি জিওতে (স্মারক নং-১৩৩, তারিখ: ২৭-৭-২০০৫, স্মারক নং-১৫২, তারিখ: ২৫-৫-২০০৬ এবং স্মারক নং-২৫৭, তারিখ: ১৩-১১-২০১৩) উল্লেখিত নিয়োগযোগ্যতা/ মন্তব্য/ শর্ত | অর্থ বিভাগ কর্তৃক সংশোধিত নিয়োগযোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১৩ | লাইব্রেরিয়ান<br>পদ সংখ্যা: ০১ টি<br>১২৫০০-৩০২৩০/-<br>(১১তম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় বিভাগ/শ্রেণিসহ গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। পদোন্নতির ক্ষেত্রে সহকারী লাইব্রেরীয়ান পদে ১০ (দশ) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। | পদোন্নতির মাধ্যমে নিয়োগ।<br>পদোন্নতির ক্ষেত্রে সহকারী লাইব্রেরীয়ান পদে ন্যূনতম ১০ (দশ) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। |
| ১৪ | প্রশাসনিক কর্মকর্তা<br>পদ সংখ্যা: ০১ টি<br>১১৩০০-২৭৩০০/-<br>(১২তম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী এবং উচ্চমান সহকারী হিসেবে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। | পদোন্নতির মাধ্যমে নিয়োগ।<br>পদোন্নতির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ উচ্চমান সহকারী পদে ন্যূনতম ৬ (ছয়) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। |
| ১৫ | ক্যাম্পাস সুপারিনটেনডেন্ট<br>পদ সংখ্যা: ০১ টি<br>১১৩০০-২৭৩০০/-<br>(১২ম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী এবং সরকারি চাকুরিতে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। পদোন্নতির ক্ষেত্রে উচ্চমান সহকারী পদে ০৫ (পাঁচ) বছরের সন্তোষজনক চাকুরির অভিজ্ঞতা। | পদোন্নতির মাধ্যমে নিয়োগ।<br>পদোন্নতির ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ উচ্চমান সহকারী পদে ন্যূনতম ৬ (ছয়) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। |
| ১৬ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>পদ সংখ্যা: ০১টি<br>১১০০০-২৬৫৯০/-<br>(১৩তম গ্রেড) | সাঁটলিপিকার, সাঁট-মুদ্রাক্ষরিক, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী। | পদ পূরণের ক্ষেত্রে মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণযোগ্য। |
| ১৭ | কম্পিউটার অপারেটর<br>পদ সংখ্যা: ০৩টি<br>১১০০০-২৬৫৯০/-<br>(১৩তম গ্রেড)<br>বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সাপেক্ষে<br>১২৫০০-৩০২৩০/-<br>(১১তম গ্রেড) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ দি কম্পিউটার পার্সোনাল রিক্রুটমেন্ট রুলস, ১৯৮৫ মোতাবেক পূরণ সাপেক্ষে এবং পদের বেতনস্কেল অর্থ বিভাগের ২০-৪-৮৫ তারিখের এমএফ/এফডি(আইএমপি)-১-(এফ)-৯/৮৫/৩২ স্মারক দ্বারা পূর্বনির্ধারিত। | পদ পূরণের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণযোগ্য। |
| ১৮ | সহকারী লাইব্রেরিয়ান<br>পদ সংখ্যা: ০১টি<br>১০২০০-২৪৬৮০/-<br>(১৪তম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী অথবা গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রী। | -- |
| ১৯ | হিসাবরক্ষক<br>পদ সংখ্যা: ০১টি<br>১০২০০-২৪৬৮০/-<br>(১৪তম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে।<br>পদোন্নতির ক্ষেত্রে হিসাব সহকারী পদে ০৫ (পাঁচ) বছরের সন্তোষজনক চাকুরির অভিজ্ঞতা। | পদোন্নতির মাধ্যমে নিয়োগ।<br>হিসাব সহকারী পদে ন্যূনতম ৬ (ছয়) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা। |

চলমান

| ক্রম | পদের নাম, সংখ্যা ও অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বেতনক্রম/গ্রেড (জা:বে:স্কে: ১৫ অনুযায়ী) | অর্থ বিভাগের ০৩টি জিওতে (স্মারক নং-১৩৩, তারিখ: ২৭-৭-২০০৫, স্মারক নং-১৫২, তারিখ: ২৫-৫-২০০৬ এবং স্মারক নং-২৫৭, তারিখ: ১৩-১১-২০১৩) উল্লেখিত নিয়োগযোগ্যতা/ মন্তব্য/ শর্ত | অর্থ বিভাগ কর্তৃক সংশোধিত নিয়োগযোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২০ | উচ্চমান সহকারী<br>পদ সংখ্যা: ০৪টি<br>১০২০০-২৪৬৮০/-<br>(১৪তম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় বিভাগ/শ্রেণিতে স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। পদোন্নতির ক্ষেত্রে নিম্নমান সহকারী পদে ০৫ (পাঁচ) বছরের সন্তোষজনক চাকুরির অভিজ্ঞতা। | পদোন্নতির মাধ্যমে নিয়োগ।<br>(১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ন্যূনতম ৬ (ছয়) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা; এবং<br>(২) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>পদ সংখ্যা: ১২টি<br>৯৩০০-২২৪৯০/-<br>(১৬তম গ্রেড) | সাঁটলিপিকার, সাঁট-মুদ্রাক্ষরিক, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী। | ২৫% পদোন্নতি এবং ৭৫% সরাসরি নিয়োগ। পদোন্নতির ক্ষেত্রে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br><br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং প্রতি মিনিটে কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকা সাপেক্ষে, ফটোকপি অপারেটর ও অফিস সহায়ক পদ হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে।<br>(২) ফটোকপি অপারেটর পদে ৫ (পাঁচ) বছরের অথবা অফিস সহায়ক পদে ৮ (আট) বছরের সন্তোষজনক চাকরির অভিজ্ঞতা।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণযোগ্য। |
| ২২ | হিসাব সহকারী<br>পদ সংখ্যা: ১টি<br>৯৩০০-২২৪৯০/-<br>(১৬তম গ্রেড) | বাণিজ্য বিভাগে এইচএসসি/ সমমান পাশসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। | -- |
| ২৩ | ফটোকপি অপারেটর<br>পদ সংখ্যা: ০১টি<br>৮৮০০-২১৩১০/-<br>(১৮তম গ্রেড) | এসএসসি/ সমমান পাশসহ ডুপ্লিকেটিং মেশিন চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। | পদোন্নতির মাধ্যমে নিয়োগ।<br>(১) অফিস সহায়ক পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের সন্তোষজনক চাকরি; এবং<br>(২) ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা। |
| ২৪ | অফিস সহায়ক<br>পদ সংখ্যা: ১৫টি<br>৮২৫০-২০০১০/-<br>(২০তম গ্রেড) | ন্যূনতম ৮ম শ্রেণি পাশ। | সরাসরি নিয়োগ।<br>ন্যূনতম এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫ | মালী<br>পদ সংখ্যা: ০১টি<br>৮২৫০-২০০১০/-<br>(২০তম গ্রেড | ন্যূনতম ৮ম শ্রেণি পাশ। | সরাসরি নিয়োগ।<br>ন্যূনতম এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রম | পদের নাম, সংখ্যা ও অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বেতনক্রম/গ্রেড (জা:বে:স্কে: ১৫ অনুযায়ী) | অর্থ বিভাগের ০৩টি জিওতে (স্মারক নং-১৩৩, তারিখ: ২৭-৭-২০০৫, স্মারক নং-১৫২, তারিখ: ২৫-৫-২০০৬ এবং স্মারক নং-২৫৭, তারিখ: ১৩-১১-২০১৩) উল্লেখিত নিয়োগযোগ্যতা/ মন্তব্য/ শর্ত | অর্থ বিভাগ কর্তৃক সংশোধিত নিয়োগযোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২৬ | পরিচ্ছন্নতা কর্মী<br>পদ সংখ্যা: ০১টি<br>৮২৫০-২০০১০/-<br>(২০তম গ্রেড) | ন্যূনতম ৮ম শ্রেণি পাশ। | সরাসরি নিয়োগ।<br>ন্যূনতম এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭ | ড্রাইভার<br>পদসংখ্যা: ০২টি<br>৯৩০০-২২৪৯০/-<br>(১৬তম গ্রেড) | ন্যূনতম ৮ম শ্রেণি পাশসহ মটরযান চালনার হালকা/ভারী লাইসেন্সধারী হতে হবে। | সরাসরি নিয়োগ।<br>ন্যূনতম এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ মটরযান চালনার হালকা/ভারী লাইসেন্সধারী হতে হবে। |

**শর্তাবলী:**

(ক) নিয়োগযোগ্যতা সংশোধনের অব্যবহিত পূর্বে কর্মরতদের ক্ষেত্রে স্বপদে নিয়োগ অব্যাহত থাকবে;

(খ) নেপ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ প্রণয়নের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং

(গ) চাকরি প্রবিধানমালা প্রণয়ন সংক্রান্ত বিদ্যমান সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৪/০৭/২৬

(মোহাম্মদ গোলাম কবির)
উপসচিব
ফোনঃ ২২৩৩৮০৭৮১

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।